SME NEWS
এসএমই নিউজ
এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার
SME FOUNDATION
বর্ষ ১৩ । সংখ্যা ৪৪ | অক্টোবর-ডিসেম্বর ২০২৩

# ৭ম ক্রেতা-বিক্রেতা সম্মিলন ও পণ্য মেলা ২০২৩ আয়োজন




৭ম ক্রেতা-বিক্রেতা সম্মিলন ও পণ্য মেলা ২০২৩ উদ্বোধন করেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি এবং এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান।

০৪-০৫ অক্টোবর এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে আগারগাঁওয়ের বাংলাদেশ স্থপতি ইন্সটিটিউটে ৭ম ক্রেতা-বিক্রেতা সম্মিলন ও পণ্য মেলা ২০২৩ আয়োজন করা হয়। সম্মিলনে অংশগ্রহণ করেন বুটিক, পাটজাত, চামড়াজাত, হস্তশিল্প, জুয়েলারিসহ বিভিন্ন পণ্য উৎপাদনকারী ৮৫জন নারী-উদ্যোক্তা। ০৪ অক্টোবর ২০২৩ ৭ম ক্রেতা-বিক্রেতা সম্মিলন ও পণ্য মেলা উদ্বোধন করেন প্রধান অতিথি শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জাকিয়া খানম এবং ফ্যাশন ডিজাইনার বিবি রাসেল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। পুরো কার্যক্রম সম্পর্কে আলোকপাত করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান।

শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি বলেন, ‘ক্রেতা-বিক্রেতা সম্মিলন ও পণ্য মেলা ২০২৩’ এসএমই ফাউন্ডেশনের একটি সময়োপযোগী আয়োজন। এই সম্মিলনের মাধ্যমে আমাদের দেশীয় পণ্যের বাজার সম্প্রসারণ হবে বলে আমি বিশ্বাস করি। বাংলাদেশের কর্মজীবী নারীদের একটা বিশাল অংশ এসএমই খাতের সঙ্গে যুক্ত। তাঁদেরকে প্রশিক্ষণ দিয়ে ঘরে ঘরে ছোট ছোট শিল্প গড়ে তোলার জন্য নিরলস কাজ করছে এসএমই ফাউন্ডেশন। এসএমই উদ্যোক্তাদের জন্য ডিসপ্লে সেন্টার তৈরি করাসহ ফাউন্ডেশনকে গতিশীল করার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের জন্য প্রয়োজনীয় অর্থসহ একটি জায়গা বা প্লট বরাদ্দ প্রদানের বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের নজরে রয়েছে বলেও জানান শিল্প প্রতিমন্ত্রী।

অনুষ্ঠানে জানানো হয়, দেশের ৭৮ লাখের বেশি সিএমএসএমই শিল্প প্রতিষ্ঠানের মধ্যে শতকরা মাত্র ৭.২১ ভাগ নারী-উদ্যোক্তাদের মাধ্যমে পরিচালিত হচ্ছে। যদিও নারীর জন্য সহায়ক কর্মপরিবেশ তৈরি এবং নানাবিধ প্রণোদনার কারণে দেশে নারী উদ্যোক্তার সংখ্যা প্রতি বছর উল্লেখযোগ্য হারে বাড়ছে। তবে এসএমই ফাউন্ডেশনের এক গবেষণায় দেখা যায়, পণ্যের বাজার সংযোগ বা বাজারজাতকরণ নারী-উদ্যোক্তাদের জন্য অন্যতম প্রধান একটি বাধা। ব্যবসা শুরুর দিকে এই সমস্যা আরও প্রকট। ৩৭ শতাংশ নারী-উদ্যোক্তা পুঁজি সংকটের কথা বললেও ২০ শতাংশ নারী-উদ্যোক্তা প্রধান সমস্যা হিসেবে পণ্যের বাজারজাতকরণকে চিহ্নিত করছেন। উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ নিশ্চিত করা সম্ভব হলে নারী-উদ্যোক্তাদের ব্যবসায়িক প্রসার সহজতর হবে। এই প্রেক্ষাপটে নতুন নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজার সংযোগ তৈরির মাধ্যমে পণ্যের বাজারজাতকরণ সমস্যা সমাধানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য নিয়ে ৭ম বারের মতো ‘ক্রেতা-বিক্রেতা সম্মিলন ও পণ্য মেলা’ অনুষ্ঠান আয়োজন করা হয়। সম্মিলনে দেশের বিভিন্ন প্রান্তের সম্ভাবনাময় নারী-উদ্যোক্তাগণ তাদের উৎপাদিত পণ্য বাণিজ্যিক ক্রেতাদের জন্য প্রদর্শন করবেন। পণ্যের গুণগত মান, ডিজাইন, রংয়ের ব্যবহার, পাইকারি দাম এবং উৎপাদন সক্ষমতা যাচাইয়ের মাধ্যমে বাণিজ্যিক ক্রেতাগণ অংশগ্রহণকারী নারী-উদ্যোক্তাদের মধ্য থেকে সাপ্লাইয়ার নির্বাচন করতে পারবেন। ক্রেতাদের সুবিধার্থে অংশগ্রহণকারী নারী-উদ্যোক্তাদের তথ্য সম্বলিত একটি ক্যাটালগও তৈরি করা হয়। এই সম্মিলন একদিকে নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজার সংযোগ স্থাপনে সহায়তা করবে অন্যদিকে বাণিজ্যিক ক্রেতা বা খুচরা বিক্রেতাদের পণ্যের সরবরাহ উৎস বা যোগানদাতা খুঁজে পেতে সহায়ক ভূমিকা পালন করবে। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে সম্মিলনের প্রস্তুতি পর্বে দেশের শীর্ষ ডিজাইনার এবং প্রতিষ্ঠিত ব্যবসায়ীদের নির্দেশনায় অংশগ্রহণকারী নারী-উদ্যোক্তাদের পণ্য উৎপাদন ও সরবরাহ ব্যবস্থাপনা, পণ্যের গুণগতমান নিশ্চিতকরণ, চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ ডিজাইন ব্যবহার এবং পাইকারি মূল্য নির্ধারণ কৌশল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০৪ অক্টোবর ২০২৩ সকাল ১০টা থেকে ৩টা পর্যন্ত বাণিজ্যিক ক্রেতাদের জন্য এবং বিকাল ৩টা থেকে রাত ৮টা ও ০৫ অক্টোবর ২০২৩ সকাল ১০টা রাত ৮টা পর্যন্ত ‘ক্রেতা-বিক্রেতা সম্মিলন ও পণ্য মেলা সবার জন্য উন্মুক্ত ছিলো। এছাড়া এসএসই ফাউন্ডেশন দেশের ঐতিহ্যবাহী বিভিন্ন পণ্য বিশেষ করে নকশিকাঁথা, পার্বত্য চট্টগ্রামের কোমর তাঁত, মনিপুরী তাঁত, কুষ্টিয়ার কুমারখালীর বেড সিট, পাবনা শাহজাদপুরের গামছা, টাঙ্গাইলের শাড়ী, মানিকগঞ্জ ঘিওরের বাঁশ-বেত, পটুয়াখালী বাউফলের মৃৎ শিল্প পণ্যের যুগোপযোগীকরণ এবং বাজার সম্প্রসারণের লক্ষ্যেও বিশেষ কর্মসূচি বাস্তবায়ন করছে। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে গত ৬টি ক্রেতা-বিক্রেতা সম্মিলনে প্রায় ৩০০জন নারী-উদ্যোক্তা পণ্য প্রদর্শন করেন। তন্মধ্যে প্রায় ৮০জন নারী-উদ্যোক্তা বর্তমানে দেশের স্বনামধন্য বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে পণ্য সরবরাহ করছেন, প্রায় ১০০জন বিভিন্ন সময়ে বিভিন্ন প্রতিষ্ঠানে পণ্য দিয়ে থাকেন এবং উল্লেখযোগ্য সংখ্যক অংশগ্রহণকারী নিজেই প্রতিষ্ঠিত উদ্যোক্তা হিসেবে আত্মপ্রকাশ করেছেন। সেই ধারাবাহিকতায় এসএমই ফাউন্ডেশনের এই আয়োজনও দেশের নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজার সংযোগ তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।

## 'The Impact of 4IR on SMEs and Employment: Opportunities and Challenges' গবেষণা



'The Impact of 4IR on SMEs and Employment: Opportunities and Challenges' গবেষণা প্রতিবেদনের ওপর মতবিনিময় সভায় এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান।

৩১ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশন এবং জার্মান উন্নয়ন সংস্থা Friedrich-Ebert-Stiftung (FES), Bangladesh-এর উদ্যোগে 'The Impact of 4IR on SMEs and Employment: Opportunities and Challenges' গবেষণা প্রতিবেদনের ওপর মতবিনিময় সভা আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলের বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের সম্মেলন কক্ষে ইনস্টিটিউট অব ইনফরমেশন অ্যান্ড টেকনোলজি'র অধ্যাপক ড. কাজী মুহাইমিন উস সাকিবের নেতৃত্বে পরিচালিত গবেষণা প্রতিবেদনের ওপর আয়োজিত সভায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার এবং FES Bangladesh-এর প্রোগ্রাম অ্যাডভাইজর আরিফা এস আলম। সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধি, অ্যাকাডেমিশিয়ান, গবেষক, বিভিন্ন চেম্বার-অ্যাসোসিয়েশনের প্রতিনিধি এবং বিভিন্ন খাতের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণ গবেষণা প্রতিবেদনের ওপর তাদের মতামত ব্যক্ত করেন।

## চট্টগ্রামে 'রোডম্যাপ অব এফ-কমার্স টু ই-কমার্স' প্রশিক্ষণ




০২-০৩ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও চিটাগাং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (সিডাব্লিউসিসিআই)-এর সহযোগিতায় চট্টগ্রামে 'রোড ম্যাপ অফ ই-কমার্স টু এফ কমার্স' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণ উদ্বোধন করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি উদ্যোক্তাদের ব্যবসাকে প্রসারিত করার ক্ষেত্রে ই-কমার্স টুল ব্যবহার করার জন্য অনুপ্রাণিত করেন। প্রশিক্ষণে ই-কমার্স/এফ কমার্স ব্যবহার করে ব্যবসা পরিচালনা করার বিভিন্ন বিষয় সম্পর্কে উদ্যোক্তাদের অবহিত করা হয়। বর্তমানে সোস্যাল কমার্স-এর প্রসার এবং উদ্যোক্তাদের চাহিদার কথা মাথায় রেখেই যুগোপযোগী এ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে চট্টগ্রামের ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## 'Informal SMEs in Bangladesh: Formalisation Challenges and Way Forward' স্টাডি

এসএমই ফাউন্ডেশন এবং FES Bangladesh-এর উদ্যোগে 'Informal SMEs in Bangladesh: Formalisation Challenges and Way Forward' গবেষণা সম্পন্ন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ)-এর অধ্যাপক ড. মেলিটা মেহজাবিন। ০৯ নভেম্বর ২০২৩ অনলাইনে গবেষণা রিপোর্টের ওপর অংশীজনদের মতামত গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে গবেষক, অর্থনীতিবিদ, বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর, দেশের এসএমই উদ্যোক্তা, চেম্বার ও অ্যাসোসিয়েশন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি অংশগ্রহণ করেন।

## কক্সবাজারে 'Smart Skills for Women Entrepreneurs in e-Commerce Business' প্রশিক্ষণ



'Smart Skills for Women Entrepreneurs in e-Commerce Business' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সাথে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান।

২৩-২৪ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং UNESCAP-এর অর্থায়নে কক্সবাজারে নারী-উদ্যোক্তাদের জন্য 'Smart Skills for Women Entrepreneurs in e-Commerce Business' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান প্রশিক্ষণ উদ্বোধন করেন। শহীদ উদ্দীন আকবর ও রাফাত জাহান মৌমিতা প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন।

## কক্সবাজারে 'ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়ন ও বিকাশে বিশেষ কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন' অংশীজন সভা




সভায় বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান।

২১ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে কক্সবাজারের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়ন ও বিকাশে বিশেষ কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে অংশীজন সভা আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা আবু তাহের মুহাম্মদ জাবের, কক্সবাজার চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সভাপতি আবু মোরশেদ চৌধুরী এবং কক্সবাজার উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সভাপতি জাহানারা ইসলাম। সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বিভীষন কান্তি দাশ। সভায় কক্সবাজারসহ পার্বত্য তিন জেলার উদ্যোক্তা, নারী-উদ্যোক্তা, বিভিন্ন চেম্বার, অ্যাসোসিয়েশন ও উদ্যোক্তা সংগঠনের প্রতিনিধি উপস্থিত ছিলেন। সভায় সম্ভাবনাময় খাতগুলোর বর্তমান প্রেক্ষাপট, সমস্যা, সম্ভাবনা ও করণীয় বিষয়ে আলোচনা করা হয়।

## 'এসএমই উদ্যোক্তাদের পুঁজিবাজার থেকে মূলধন সংগ্রহের লক্ষ্যে সচেতনতা সৃষ্টি ও অবহিতকরণ' কর্মশালা

২৭ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বিভিন্ন চেম্বার/অ্যাসোসিয়েশনের সভাপতি ও নেতৃবৃন্দের অংশগ্রহণে অনলাইনে মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় পুঁজিবাজারে তালিকাভুক্ত হওয়ার জন্য বিভিন্ন চেম্বার/অ্যাসোসিয়েশনের সদস্য প্রতিষ্ঠানসমূহকে এ বিষয়ে প্রয়োজনীয় তথ্য, প্রস্তুতি এবং অ্যাডভোকেসি প্রদান করা করা হয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান সভার উদ্বোধন করেন। সভায় উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ এবং চিটাগাং উইম্যান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মনোয়ারা হাকিম আলী, বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক অ্যাসোসিয়েশনের সভাপতি সামিম আহমেদ। ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ এবং মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার সভায় অংশগ্রহণ করেন।

এরই ধারাবাহিকতায় ২৬ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ ইলেকট্রিক্যাল মার্চেন্ডাইস ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন (BEMMA)-এর সদস্য উদ্যোক্তাদের অংশগ্রহণে 'এসএমই উদ্যোক্তাদের জন্য পুঁজিবাজার হতে সহজ শর্তে দীর্ঘমেয়াদী মূলধন সংগ্রহের লক্ষ্যে প্রণীত নীতিমালা ও শর্তাবলী অবহিতকরণ' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন BEMMA-এর সভাপতি মোহাম্মদ আফতাভ জাবেদ।

## 'নতুন ব্যবসায় সৃষ্টি' প্রশিক্ষণ



১২-১৬ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ব্যবসায় সংক্রান্ত ধারণা প্রদান, নতুন উদ্যোক্তা সৃষ্টি এবং সম্ভাবনাময় উদ্যোক্তাদের মূল স্রোতধারায় সংযুক্ত করার লক্ষ্যে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'নতুন ব্যবসায় সৃষ্টি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তা হতে আগ্রহী ৩০জন অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ এবং উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার।

## জাতিসংঘ ও বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)-এর সহায়তাপুষ্ট ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (ITC)-এর বার্ষিক সভায় এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ



জাতিসংঘ ও বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)-এর সহায়তাপুষ্ট ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (ITC)-এর বার্ষিক সভায় অংশগ্রহণের পাশাপাশি WTO আয়োজিত 'Trade and Gender' বিশেষ অধিবেশনে বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান।

১৪-১৭ নভেম্বর ২০২৩ জাতিসংঘ ও বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)-এর সহায়তাপুষ্ট ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (ITC)-এর আমন্ত্রণে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের নেতৃত্বে মহাব্যবস্থাপক ফারজানা খান এবং সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান সুইজারল্যান্ডের জেনেভায় ITC SheTrades Hub বার্ষিক সভায় যোগদান করেন। নারী-উদ্যোক্তা উন্নয়ন এবং আন্তর্জাতিক বাজারের সাথে নারী-উদ্যোক্তাদের সম্পৃক্ত করার লক্ষ্যে বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)-এর সহায়তায় ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (ITC) বাংলাদেশসহ এশিয়া, আফ্রিকা, ল্যাতিন আমেরিকা ও মধ্যপ্রাচ্যের ১৭টি দেশে SheTrades Hub প্রতিষ্ঠা করেছে। এসএমই ফাউন্ডেশন বাংলাদেশে SheTrades Hub পরিচালনা করছে। ১৪-১৫ নভেম্বর ২০২৩ ITC SheTraades Hub-এর বার্ষিক সভায় ১৭টি হাবের মধ্যে সমন্বয় সাধন, যৌথ কর্মসূচি গ্রহণ, নারী-উদ্যোক্তা উন্নয়নে স্বীয় দেশের অনুকরণীয় কর্মসূচি সম্পর্কে অন্যকে অবহিত করা এবং হাবসমূহ পরিচালনার ক্ষেত্রে WTO ও ITC এর নির্দেশনা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

১৬ নভেম্বর ২০২৩ হাবসমূহের প্রতিনিধিগণ বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)-এর প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত 'Trade and Gender' বিশেষ অধিবেশনে যোগদান করেন। অধিবেশনে WTO-এর ১৬৪টি সদস্য রাষ্ট্রের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান ITC-এর নির্বাচিত প্রতিনিধি হিসেবে অধিবেশনে বক্তব্য প্রদান করেন। তিনি বাংলাদেশের এসএমই খাতের অগ্রযাত্রা, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ, ডিজিটাল পদ্ধতি ব্যবহার করে এসএমই উদ্যোক্তা বিশেষ করে নারী-উদ্যোক্তাদের ব্যবসায়িক প্রসারে এসএমই ফাউন্ডেশনের পরিকল্পনা সংক্ষেপে তুলে ধরেন।

একই দিনে এসএমই ফাউন্ডেশনের প্রতিনিধিদল বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO)-এর LDC ইউনিটের প্রধান তৌফিকুর রহমানের সাথে বিশেষ সভায় মিলিত হয়। সভায় ফাউন্ডেশনের চেয়ারপার্সন বাংলাদেশ উন্নয়নশীল দেশে উত্তরণের ফলে এসএমই খাতের সম্ভাব্য ঝুঁকি মোকাবেলায় সহায়তা প্রদানের জন্য WTO-এর সহায়তা কামনা করেন। WTO প্রতিনিধি এসএমই ফাউন্ডেশনের সাথে যৌথভাবে কাজ করার ক্ষেত্রে আগ্রহ প্রকাশ করেন।

১৭ নভেম্বর ২০২৩ এশিয়া রিজিওনাল প্যানেল আলোচনা সভায় ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান বলেন, বর্তমানে বাংলাদেশ সরকারের নীতি সহায়তা এবং এসএমই ফাউন্ডেশনসহ অন্যান্য সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সহায়তায় বাংলাদেশে এসএমই খাতের অগ্রযাত্রা অনুকরণীয়। তিনি এই অগ্রযাত্রায় নারী-উদ্যোক্তাদের অগ্রগতি বিশেষভাবে তুলে ধরেন। তিনি আরও বলেন, বাংলাদেশের এসএমই খাত ও নারী-উদ্যোক্তাদের আন্তর্জাতিক বাণিজ্যের সাথে সম্পৃক্ত করতে এসএমই ফাউন্ডেশন অন্যান্য হাবের সাথে যুগপৎ কর্মসূচি বাস্তবায়নে প্রস্তুত রয়েছে। সভায় ১৮টি দেশের ৪০জন প্রতিনিধি অংশগ্রহণ করেন।

## 'Financial Literacy for Financial Inclusion of SMEs' কর্মশালা



২৮ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই উদ্যোক্তাদের আর্থিক অন্তর্ভুক্তি ত্বরান্বিতকরণসহ ঋণ প্রাপ্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে 'Acceleration Program on Financial Literacy for Financial Inclusion of SMEs' ৩ ব্যাচে কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় ঋণ পাওয়ার যোগ্য হয়েও যথাযথ প্রস্তুতির অভাবে ঋণের আওতাভুক্ত হতে না পারা উদ্যোক্তাদের গ্রুমিং ও ব্যাংকের সাথে সংযোগ স্থাপন করানো হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের অংশীদার আর্থিক প্রতিষ্ঠান শাহজালাল ইসলামী ব্যাংকের এসএমই বিভাগের প্রধান মো. আবদুর রহিম। তিনি উদ্যোক্তাদের এসএমই অর্থায়ন ও ব্যাংক ঋণ গ্রহণের প্রক্রিয়া বিষয়ে অবহিতকরণ, ঋণ আবেদন পূরণে সহায়তা এবং আবেদনের প্রেক্ষিতে তাৎক্ষণিক পর্যবেক্ষণ প্রদান সাপেক্ষে ঋণ আবেদন গ্রহণ করেন। ০৫ ডিসেম্বর ২০২৩ একই বিষয়ে ২য় ব্যাচের কর্মশালা আয়োজন করা হয়। ফাউন্ডেশনের অংশীদার বাংলাদেশ কৃষি ব্যাংকের এসএমই বিভাগের উপমহাব্যবস্থাপক আনন্দ মোহন গোপ উপস্থিত ছিলেন। তিনি উদ্যোক্তাদের এসএমই অর্থায়ন ও ব্যাংক ঋণ গ্রহণের প্রক্রিয়া বিষয়ে অবহিত করেন এবং মুখ্য কর্মকর্তা মো. সাইফুল ইসলাম ঋণ আবেদন পূরণে সহায়তা এবং আবেদনের প্রেক্ষিতে তাৎক্ষণিক পর্যবেক্ষণ প্রদান সাপেক্ষে ঋণ আবেদন গ্রহণ করেন। ১২ ডিসেম্বর ২০২৩ ৩য় ব্যাচের কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সাউথইস্ট ব্যাংকের এসএমই বিভাগের প্রধান স্বপন কুমার হাং উপস্থিত ছিলেন। তিনি উদ্যোক্তাদের এসএমই অর্থায়ন ও ব্যাংক ঋণ গ্রহণের প্রক্রিয়া বিষয়ে অবহিত করেন এবং সাউথইস্ট ব্যাংকের কর্মকর্তাগণ উদ্যোক্তাদের ঋণ আবেদন পূরণে সহায়তা এবং আবেদনের প্রেক্ষিতে তাৎক্ষণিক পর্যবেক্ষণ প্রদান সাপেক্ষে ঋণ আবেদন গ্রহণ করেন।

## ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের 'দক্ষতা বৃদ্ধি' কর্মশালা

১৩-১৪ ডিসেম্বর, ২০২৩ এসএমই ফাউন্ডেশন এবং এটুআই-এর যৌথ উদ্যোগে কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (সিএমএসএমই)-এর উদ্যোক্তাদের বিশেষায়িত সেবা প্রদানের লক্ষ্যে 'স্মার্ট সিএমএসএমই হাব ফর ডিজিটাল অ্যাক্সেস' বাস্তবায়নের লক্ষ্যে ঢাকায় ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের 'দক্ষতা বৃদ্ধি' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি ছিলেন, ড. মহ. শের আলী, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, মো. ছাইফুল ইসলাম, যুগ্ম প্রকল্প পরিচালক, এটুআই এবং যুগ্ম সচিব (ই-গভর্ন্যান্স অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ, মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন, সুমন চন্দ্র সাহা, উপমহাব্যবস্থাপক এসএমই ফাউন্ডেশন এবং অশোক বিশ্বাস, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট কো-অর্ডিনেটর, ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস এবং ডিজিটাল সেন্টার, এটুআই।



# বিজয় দিবস উদযাপন



১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবসে শিল্প মন্ত্রণালয়ে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি, শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জাকিয়া সুলতানা, এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ।



মহান বিজয় দিবস উপলক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, ফারজানা খান এবং মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন।

## 'ফিন্যান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' কর্মশালা



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং নোয়াখালী জেলা প্রশাসনের সহযোগিতায় ০৩-০৪ অক্টোবর ২০২৩ 'ফিন্যান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' কর্মশালা আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুমন চন্দ্র সাহা, উপমহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক দেওয়ান মাহবুবুর রহমান। বাংলাদেশ ব্যাংকের মহাব্যবস্থাপক মোহা. নূরুল আলম এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধিতে বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট হতে জারিকৃত নির্দেশনা সার্কুলার, গাইডলাইনস, গ্যারান্টি স্কীম এবং পুনঃঅর্থায়ন কর্মসূচির বিষয়ে ব্যাংকারদের বিশদ ধারণা প্রদান করেন। ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেডের এসএমই বিভাগের প্রধান মহসিনুর রহমান লাভজনক উপায়ে এসএমই খাতে অর্থায়নের উপায় এবং তাঁর নিজস্ব অভিজ্ঞতার আলোকে ব্যাংকারদের উৎসাহিত করেন। উপস্থিত ছিলেন মোহা. নূরুল আলম, পরিচালক, বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম কার্যালয়। অনুষ্ঠানে নোয়াখালীর বিভিন্ন ব্যাংকের আঞ্চলিক প্রধান, শাখা ব্যবস্থাপকগণ, উদ্যোক্তা, বিভিন্ন চেম্বার/অ্যাসোসিয়েশন, বাংলাদেশ ব্যাংক এবং সরকারি বিভিন্ন সংস্থার প্রতিনিধি অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন অগ্রণী ব্যাংকের আঞ্চলিক প্রধান মো. ছায়েফ উদ্দীন। এছাড়া এসএমই ঋণ প্রবাহ তরান্বিত করার লক্ষ্যে ঋণের পাশাপাশি নন-ফাইনান্সিয়াল সার্ভিস (অ-আর্থিক সেবা)-র গুরুত্ব এবং শাখা পর্যায়ে উদ্যোক্তাদের প্রদান করা যায় এমন নন-ফাইনান্সিয়াল সার্ভিসের বিষয়ে ব্যাংকাদের অবহিত করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক জনাব সুমন চন্দ্র সাহা।

## বিশ্ব ব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে সম্ভাব্য ভবিষ্যত কর্মপরিকল্পনা নির্ধারণে আলোচনা সভা



১২ ডিসেম্বর ২০২৩ ক্লাস্টারভিত্তিক উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে বিশ্ব ব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে সম্ভাব্য ভবিষ্যত কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় অংশগ্রহণ করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান, উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ, সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া, সহকারী ব্যবস্থাপক মেহেদী হাসান এবং বিশ্ব ব্যাংকের সিনিয়র প্রাইভেট সেক্টর স্পেশালিস্ট হোসনা ফেরদৌস সুমি।

## 'আইসিটি ব্যবহারে দক্ষতা উন্নয়ন' কর্মশালা



এসএমই সংশ্লিষ্ট ট্রেডবডির কর্মকর্তাদের আইসিটি ব্যবহারে দক্ষতা উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ৩টি কর্মশালা আয়োজন করা হয়। ০৪-০৫ অক্টোবর ২০২৩ এবং ২৭-২৮ নভেম্বর ২০২৩ ঢাকায় এবং ১৩-১৪ ডিসেম্বর ২০২৩ বরিশালে কর্মশালায় ট্রেডবডির প্রতিনিধিদের অফিস ব্যবস্থাপনায় আইসিটির ব্যবহার, বিজনেস অটোমেশন এবং সোশ্যাল বিজনেস বিষয়ে ধারণা প্রদান করা হয়।

## 'আইটি প্রতিষ্ঠানের সাথে এসএমই উদ্যোক্তাদের সংযোগ স্থাপন' কর্মশালা

১৫ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ব্যবসা পরিচালনায় প্রয়োজনীয় সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে অটোমেশনের লক্ষ্যে সফটওয়্যার কোম্পানির সাথে উদ্যোক্তাদের সংযোগ স্থাপনে কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় ব্যবসা পরিচালনায় Digital Marketing, Website Development, Inventory Software সফটওয়্যারের প্রয়োজনীয়তা ও ব্যবহারের বিভিন্ন দিক উপস্থাপন করা হয়। কর্মশালায় এসএমই উদ্যোক্তাদের নিকট ডিজিটাল সেবা বিষয়ক উপস্থাপনার জন্য বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) সদস্য প্রতিষ্ঠান থেকে বাছাইকৃত প্রতিষ্ঠিত আইটি প্রতিষ্ঠানসমূহের সেবার তথ্য উপস্থাপন করা হয়।

## 'উদ্যোক্তাদের ব্যবসায় অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার পর্যালোচনা' ফলোআপ কর্মশালা



অনলাইন প্ল্যাটফর্মে ব্যবসা পরিচালনায় প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন উদ্যোক্তাদের জন্য ফলোআপ কর্মশালা আয়োজন করে। অক্টোবর-ডিসেম্বর ২০২৩-এ ফাউন্ডেশন ঢাকা, রাজশাহী ও শ্রীমঙ্গল উদ্যোক্তাদের জন্য ৩টি কর্মশালা আয়োজন করে। ১৩-১৪ নভেম্বর ২০২৩ ঢাকায়, ০৯-১০ অক্টোবর ২০২৩ রাজশাহীতে এবং ১৩-১৪ ডিসেম্বর ২০২৩ মৌলভীবাজারের শ্রীমঙ্গলে এসব কর্মশালা আয়োজন করা হয়।

## পিরোজপুরে 'ব্যবসায় ব্যবস্থাপনা ও উদ্যোক্তা উন্নয়ন' প্রশিক্ষণ

০৩-০৭ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)-এর সহযোগিতায় পিরোজপুরে 'ব্যবসায় ব্যবস্থাপনা ও উদ্যোক্তা উন্নয়ন' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## এসএমই ফাউন্ডেশনের সহায়তায় ৭টি প্রতিষ্ঠানের ISO 22000:2018 সনদ অর্জন

এসএমই ফাউন্ডেশনের সহায়তায় ৭টি প্রতিষ্ঠান ISO 22000:2018 সনদ অর্জন করেছে। এসএমই খাতের খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠানসমূহে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরে 'Technical Assistance for Safe Food Production in SMEs: ISO 22000 Implementation Assistance' কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচির আওতায় ১০টি প্রতিষ্ঠানে Food Safety Management System (FSMS) ISO-22000 বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। পরামর্শকগণ প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীগণকে ISO 22000 বিষয়ে প্রশিক্ষণ প্রদান, ট্রেসেবিলিটি নিশ্চিতকরণে ডকুমেন্টশন তৈরি ও অনুশীলন, ইন্টারনাল অডিট বিষয়ে পরামর্শ ও সহযোগিতা প্রদান করেন। ফাউন্ডেশনের পরামর্শ সেবায় ইতোমধ্যে সলিড ফুড প্রোডাক্টস, মেরিনারস ফুড অ্যান্ড অ্যাগ্রো, মেসার্স হাসান ফুড, ফাহমিদা কনজুমার প্রোডাক্টস, বুশরা অ্যাগ্রো অ্যান্ড জুট ইন্ডাস্ট্রিজ, ফৌজিয়া হেলদি ফুড প্রোডাক্টস, খাস ফুড-৭টি শিল্প প্রতিষ্ঠান ISO 22000 সনদ অর্জন করেছে। এছাড়া ব্রিয়শ প্যাটিসেরি, আশা ফুড, ইমিন্যান্ট এগ্রি ইন্ডাস্ট্রিজ-এর ISO 22000 বাস্তবায়নের কাজ চলমান রয়েছে।

## বগুড়ার শাঁওইল হ্যান্ডলুম ক্লাস্টারে 'আধুনিক ইয়ার্ন ডায়িং পদ্ধতি আত্তীকরণ' কর্মশালা

৩০ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বগুড়ার আদমদিঘীর শাঁওইল হ্যান্ডলুম ক্লাস্টারের উদ্যোক্তাদের প্রযুক্তিগত উন্নয়নে 'আধুনিক ইয়ার্ন ডায়িং পদ্ধতি আত্তীকরণ' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপক ছিলেন মো. আবুল কালাম আজাদ, লেকচারার, ডাই অ্যান্ড কেমিক্যাল ইঞ্জিঃ বিভাগ, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়। প্যানেল আলোচক ছিলেন মো. আখতারুজ্জামান, সাসটেইনেবিলিটি ইঞ্জিনিয়ার, রিড কন্সালটেন্সি এবং হারুন-অর-রশিদ, মহাব্যবস্থাপক (সেলস ও মার্কেটিং), ব্র্যাডি সার্ভিসেস। কর্মশালায় ক্লাস্টারটিতে ইয়ার্ন ডায়িং প্ল্যান্ট স্থাপনের সম্ভাবনা, প্রয়োজনীয়তা, সুফল ছাড়াও ইয়ার্ন ডায়িং প্ল্যান্ট স্থাপনের জটিলতা, সমস্যা বিষয়ে উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করা হয়। ২৯-৩০ নভেম্বর ২০২৩ ক্লাস্টারটির শিল্প কারখানা, ফরওয়ার্ড-ব্যাকওয়ার্ড লিঙ্কেজ ও আনুষঙ্গিক সুবিধাদি সরেজমিন পরিদর্শন এবং উদ্যোক্তা-অংশীজনদের সাথে মতবিনিময় করে। ৩০ নভেম্বর ২০২৩ বিশেষজ্ঞ প্যানেল বগুড়ার জামিলনগরে 'নশরতপুর ইউনিয়ন তন্তবায় সমবায় সমিতি'-এর বিদ্যমান স্থাপনা সরেজমিন পরিদর্শন করেন।

## 'পণ্যের বাজারজাতকরণ কলাকৌশল' প্রশিক্ষণ

১৪-১৬ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ)-এর সদস্য উদ্যোক্তাদের জন্য ঢাকায় 'পণ্যের বাজারজাতকরণ কলাকৌশল' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক ৩১জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব ড. মো. মফিজুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। সভাপতিত্ব করেন জনাব শামীম আহমদ, প্রেসিডেন্ট, বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ)। উপস্থিত ছিলেন মো. আব্বাস আলী, সহকারী মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন।

## 'Augmented Reality (AR) and Virtual Reality (VR): Application in SMEs' কর্মশালা



২১ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং এসপায়ার টু ইনোভেট (এটুআই)-এর সহযোগিতায় ঢাকায় কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ (কেআইবি)-এ 'Augmented Reality (AR) and Virtual Reality (VR): Application in SMEs' ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। সভাপতিত্ব করেন মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ, হালকা প্রকৌশল, চামড়াজাত ও ফুটওয়্যার, প্লাস্টিক, পাটজাত, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স, আইটি ও আইটিইএস, কারু ও হস্তশিল্প এবং শিল্প খাতের উদ্যোক্তা-প্রতিনিধি, বিশেষজ্ঞ, গবেষক ও অন্যান্য অংশীজনসহ ৭০জন কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালায় এটুআই-এর পক্ষ থেকে জাতীয় পর্যায়ে ৪র্থ শিল্প বিপ্লব সংশ্লিষ্ট কার্যক্রম ও সমন্বয়, ৪র্থ শিল্প বিপ্লব ও উদীয়মান প্রযুক্তি বাস্তবায়নে অংশীজনের ভূমিকা তুলে ধরা হয়।

## BLLISS ২০২৩-এ এসএমই ফাউন্ডেশনের সহায়তায় উদ্যোক্তাদের অংশগ্রহণ




১২-১৪ অক্টোবর ২০২৩ ঢাকার ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা-আইসিসিবিতে লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) বহুমুখী চামড়াজাত পণ্যের প্রচার এবং প্রসারের উদ্দেশ্যে বাংলাদেশ লেদার ফুটওয়্যার অ্যান্ড গুডস সোর্সিং শো BLLISS ২০২৩ আয়োজন করে। এসএমই ফাউন্ডেশনের সহায়তায় চামড়াজাত পণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের সংগঠন লেদারক্রাফট অ্যাসোসিয়েশন-এর সদস্য উদ্যোক্তাগণ এই মেলায় অংশগ্রহণ করেন। মেলা উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি।

## সিরাজগঞ্জে 'বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন' প্রশিক্ষণ

২৩-২৫ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে সিরাজগঞ্জে 'বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণ আয়োজনে সহযোগিতা করে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও বাংলাদেশ ব্রেড, বিস্কুট ও কনফেকশনারী প্রস্তুতকারক সমিতি, সিরাজগঞ্জ। প্রশিক্ষণে রিসোর্সপার্সন ছিলেন নিরাপদ খাদ্য বিশেষজ্ঞ মো. মনোয়ার হোসেন এবং সিরাজগঞ্জ বেকারি অ্যান্ড রেস্টুরেন্ট মালিক সমিতির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম। উদ্যোক্তাদের স্বাস্থ্যসম্মত পরিবেশ ও পদ্ধতি অবলম্বন করে নিরাপদ খাদ্য উৎপাদন ব্যবস্থাপনা সম্পর্কে ক্লাসরুম লেকচার ও ব্যবহারিক ডেমনস্ট্রেশন কার্যক্রমের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের অংশ হিসেবে উদ্যোক্তাদের একটি বেকারি কারখানা সরেজমিন পরিদর্শন এবং GMP (Good Manufacturing Practice) বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।

## কুয়াকাটা সমুদ্র সৈকতে 'Bangladesh Festival'-এ ফাউন্ডেশনের সহায়তায় উদ্যোক্তাদের অংশগ্রহণ

০৮-০৯ ডিসেম্বর ২০২৩ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের উদ্যোগে এবং বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের তত্ত্বাবধানে পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্র সৈকতে আয়োজিত 'Bangladesh Festival'-এ এসএমই ফাউন্ডেশনের সহায়তায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের তৈরিকৃত পণ্য প্রদর্শন ও বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়। বরিশাল উইমেন চেম্বার এবং পটুয়াখালী উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সদস্যসহ বিভিন্ন খাতের ২৫জন উদ্যোক্তা এতে অংশগ্রহণ করেন।

## যশোরের নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপনের সম্ভাব্যতা যাচাই



পণ্যের মানোন্নয়নে আধুনিক প্রযুক্তির সেবা দিতে এসএমই ফাউন্ডেশন শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপন কার্যক্রম শুরু করেছে। ইতোমধ্যে বাংলাদেশে প্রথমবারের মতো রাজশাহীর কালুহাটি পাদুকা ক্লাস্টারে সিএফসি স্থাপন করা হয়েছে। সেই ধারাবাহিকতায় ০৪ অক্টোবর ২০২৩ সিএফসি স্থাপনের সম্ভাব্যতা যাচাই ও যথোপযুক্ত স্থান নির্বাচনের লক্ষ্যে ফাউন্ডেশনের একটি প্রতিনিধিদল যশোরের নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভায় ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া, উপব্যবস্থাপক তানভীর ফয়সাল, সহকারী ব্যবস্থাপক মেহেদী হাসান এবং টেকনিক্যাল রিসোর্স পার্সন ছিলেন বাংলাদেশ বন গবেষণা ইন্সটিটিউট (বিএফআরআই)-এর বিভাগীয় কর্মকর্তা মো. রওশন আলী। পরবর্তীতে কাঠ ট্রিটমেন্ট ও সিজনিং প্ল্যান্ট স্থাপনের জন্য Feasibility Study সম্পন্ন করা হয়েছে এবং বর্তমানে ক্লাস্টারটিতে কাঠ ট্রিটমেন্ট ও সিজনিং প্ল্যান্ট স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।

## নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান উদ্যোক্তাদের জন্য
# এসএমই ফাউন্ডেশনের দক্ষতা উন্নয়ন কার্যক্রম

ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন অঞ্চল/এসএমই ক্লাস্টার/অ্যাসোসিয়েশন/ট্রেডবডি/চেম্বারের চাহিদার প্রেক্ষিতে দেশব্যাপী সম্ভাবনাময় নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান এসএমই উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধিতে এবং এসএমই খাতের উন্নয়নে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন নানা ধরনের প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। জুলাই-সেপ্টেম্বর ২০২৩ ফাউন্ডেশন আয়োজিত ৪২টি প্রশিক্ষণে ১১৮২জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উল্লেখ্যযোগ্য প্রশিক্ষণের বিবরণ নিম্নে তুলে ধরা হলো:

## 'Working with Fashion Design (Phase-II)' কর্মশালা




০৯-১৪ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'Working with Fashion Design (Phase-II)' কর্মশালার আয়োজন করা হয়। Phase-I-এ অংশগ্রহণকারীদের মধ্য হতে বাছাইকৃত ৩১জন উদ্যোক্তা Phase-I কর্মশালায় অংশগ্রহণ করেন। পরে আরেকটি ব্যাচের কর্মশালা আয়োজন করা হবে এবং চূড়ান্ত বাছাইকৃতদের নিয়ে Phase-III পরিচালনা করা হবে। প্রশিক্ষণে conceptual fashion, Print design development, color application, style development, illustration detailing, fabric & accessories selection, production techniques, costing, promotion বিষয়ে তাত্ত্বিক এবং ব্যবহারিক ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন। উপস্থিত ছিলেন উপমহাব্যবস্থাপক আব্দুস সালাম সরদার এবং প্রশিক্ষক চন্দ্রশেখর সাহা।

## কুষ্টিয়া ও যশোরে 'ব্লক-বাটিক' প্রশিক্ষণ

২৬-৩০ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে কুষ্টিয়ার কুমারখালী টেক্সটাইল ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'ব্লক-বাটিক' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুমারখালীর পৌরসভার মেয়র শামসুজ্জামান অরুণ। সভাপতিত্ব করেন কুমারখালী মার্চেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি মো. শাহজাহান আলী মোল্লা। উপজেলা নির্বাহী অফিসার বিতান কুমার মন্ডল প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন এবং এ বিষয়ে অ্যাডভান্সড প্রশিক্ষণ আয়োজনের প্রতিশ্রুতি দেন। ০১-০৫ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং যশোর নকশিকাঁথা ক্লাস্টারের সহযোগিতায় 'ব্লক-বাটিক' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া। প্রশিক্ষণে প্রচলিত যশোর স্টিচের নকশিকাঁথার ওপর ব্লক-বাটিক কৌশল প্রয়োগ করে পণ্যে নতুনত্ব ও ডিজাইনে বৈচিত্র্য আনয়নে গুরুত্বারোপ করা হয়।

## 'এক্সপোর্ট রেডিনেস ফর এসএমইজ' প্রশিক্ষণ



১৭-১৯ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ হস্তশিল্প প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বাংলাক্র্যাফট)-এর সহযোগিতায় সংগঠনটির সদস্য উদ্যোক্তাদের নিয়ে ঢাকায় 'এক্সপোর্ট রেডিনেস ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এস.ইউ হায়দার, সভাপতি, বাংলাক্র্যাফট। বিশেষ অতিথি ছিলেন মো. আব্বাস আলী, সহকারী মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। প্রশিক্ষণে হস্তশিল্প উৎপাদনের সাথে জড়িত ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## ঢাকা ও রংপুরে 'ফাস্ট ফুড প্রস্তুতকরণ' প্রশিক্ষণ



২৪-২৮ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় 'ফাস্ট ফুড প্রস্তুতকরণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। একাডেমি অব এলেন-এর ভেন্যুতে আয়োজিত প্রশিক্ষণে ৩১জন নারী-পুরুষ-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার। প্রশিক্ষণ শেষে ৩১জন প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়।

১২-১৬ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং রংপুর উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় 'ফাস্ট ফুড প্রস্তুতকরণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। রংপুরের ৩০জন নারী-উদ্যোক্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জিলুফার সুলতানা,উপপরিচালক(স্থানীয় সরকার), রংপুর। বিশেষ অতিথি ছিলেন সানোয়ারা বেগম, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রংপুর। রংপুর উইমেন চেম্বারের সভাপতি আনোয়ারা ফেরদৌসী পলির সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে ৩০জন প্রশিক্ষণার্থীর মাঝে সনদ বিতরণ করা হয়। প্রশিক্ষণে বার্গার, স্যান্ডউইচ, পাস্তা, ফ্রেঞ্চ ফ্রাই, রোল, কোল্ড কফি, কেকসহ প্রায় ১৫ রকমের ফাস্টফুড আইটেম তৈরি রেসিপিসহ হাতে-কলমে শেখানো হয়।

## মানিকগঞ্জে 'পণ্যের বাজারজাতকরণ কলাকৌশল' প্রশিক্ষণ

২৮-৩০ অক্টোবর ২০২৩ মানিকগঞ্জের সাটুরিয়া তাঁত শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'পণ্যের বাজারজাতকরণ কলাকৌশল' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ঐতিহ্যবাহী এই তাঁত শিল্প ক্লাস্টারে জড়িত উদ্যোক্তাদের তৈরিকৃত পণ্যের সঠিক ও আধুনিক বাজারজাতকরণের কলাকৌশল জ্ঞান বৃদ্ধির জন্য এই প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## 'Social Commerce for SMEs' প্রশিক্ষণ

৩০-৩১ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'Social Commerce for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।

## চট্টগ্রাম ও খাগড়াছড়িতে 'ফুড প্রোডাকশন ফর ক্যাটারিং বিজনেস' প্রশিক্ষণ




০১-০৫ অক্টোবর ২০২৩ চট্টগ্রামে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় এবং ২৫-২৯ নভেম্বর ২০২৩ খাগড়াছড়িতে 'ফুড প্রোডাকশন ফর ক্যাটারিং বিজনেস' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তারা খাবার প্রস্তুত করার মাধ্যমে ক্যাটারিং ব্যবসা করে নিজেদেরকে স্বাবলম্বী করে গড়ে তোলার উপায় সম্পর্কে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়।

## 'বহুমুখী চামড়াজাত পণ্য উৎপাদন' প্রশিক্ষণ



১৫-১৯ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'বহুমুখী চামড়াজাত পণ্য উৎপাদন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তাদের চামড়ার বেল্ট, মানিব্যাগ লেডিস ব্যাগ তৈরি হাতে-কলমে প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। তিনি উদ্যোক্তাদের শত বাধা-বিপত্তি মোকাবেলা করে সামনের দিকে এগিয়ে যেতে উদ্বুদ্ধ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।

## রাজশাহীতে 'ফ্যাশন ডিজাইন' এবং নাটোরে 'হ্যান্ড পেইন্ট অন ক্লথিং' প্রশিক্ষণ

১৪-১৮ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি(বিডাব্লিউসিসিআই)-এর সহযোগিতায় রাজশাহীতে 'ফ্যাশন ডিজাইন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ফ্যাশন ট্রেন্ড, স্টাইল কনসেপ্ট, মটিফ, রং-এর ব্যবহার, প্যাটার্ন, ব্র্যান্ডিং হাতে-কলমে শেখানো হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইঞ্জি. এমদাদুল হক, অধ্যক্ষ, টিটিসি-রাজশাহী। ০৮-১২ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং উইমেন এন্ট্রাপ্রিনিয়ার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব)-এর সহযোগিতায় নাটোরে 'হ্যান্ড পেইন্ট অন ক্লথিং' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## মাদারীপুর, বরিশাল ও শরীয়তপুরে 'পাটজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ' প্রশিক্ষণ




২৫-২৯ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় ও পাটপল্লী সংগঠনের উদ্যোগে মাদারীপুরে কালকিনিতে পাটজাত পণ্যের উদ্যোক্তাদের জন্য 'বহুমুখী পাটজাত পণ্য তৈরি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। বাংলাদেশের সোনালী আঁশ অর্থাৎ পাটের মান অন্যান্য দেশের চেয়ে উন্নত। পাট থেকে প্রয়োজনীয় এবং বিভিন্ন শৌখিন পণ্য তৈরি করা যায়। এসব পণ্যের মধ্যে বাহারী ব্যাগ, ট্রাভেল ব্যাগ, লেডিস ব্যাগ, খেলনা, শো-পিস, ওয়াল ম্যাট, আল্পনা, নকশিকাঁথা, জুতা, পর্দা, কার্পেট, গহনা এবং গহনার বাক্সসহ দু'শর অধিক পণ্য তৈরি করা যায়। বৈচিত্র্যময় পণ্য তৈরি, পণ্যের মানোন্নয়ন ও উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে এই প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মো. কায়েসুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার (ইনচার্জ), কালকিনি, মাদারীপুর।

১৭-২১ অক্টোবর ২০২৩ বরিশালে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)-এর সহযোগিতায় বরিশালে 'পাটজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তাদের পাটের বহুমুখী ব্যবহার এবং বিভিন্ন ধরনের পণ্য উৎপাদন প্রক্রিয়া হাতে-কলমে শেখানো হয়। ২৪-২৮ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে শরীয়তপুরের গোসাইর হাটে 'বহুমুখী পাটজাত পণ্য তৈরি' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ




২৫-২৬ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান উদ্যোক্তাদের ক্ষুদ্র প্রচেষ্টাকে বৃহৎ শিল্পে পরিণত করতে উদ্বুদ্ধ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার ও সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।

১৯-২০ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ হস্তশিল্প প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বাংলাক্রাফট)-এর সহযোগিতায় ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'Digital Marketing for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে বাংলাক্রাফট-এর ২১জন সদস্য উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।

২৫-২৬ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং লক্ষীপুর জেলা প্রশাসনের সহযোগিতায় আদর্শ আব্দুল সামাদ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের কম্পিউটার ল্যাবে 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণ উদ্বোধন করেন জেলা প্রশাসক সুরাইয়া জাহান।

১০-১১ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং তৃণমূল নারী-উদ্যোক্তা সোসাইটি (গ্রাসরুটস)-এর সহযোগিতায় খাগড়াছড়িতে নারী-উদ্যোক্তাদের জন্য 'Digital Marketing for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

১১-১২ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং মেহেরপুর জেলা প্রশাসনের সহযোগিতায় 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ২৭-২৮ ডিসেম্বর ২০২৩ চাপাইনবাবগঞ্জ ও নোয়াখালীতে 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

১১-১২ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশন উদ্যোগে এবং সিরাজগঞ্জ জেলা প্রশাসনের সহযোগিতায় 'ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মীর মোহাম্মদ মাহবুবুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. রায়হান কবির। ডিজিটাল মার্কেটিং-এর বেসিক বিষয় যেমন, গুগল অ্যানালিটিক্স, সোশ্যাল মিডিয়া টুল ব্যবহার করে পণ্যের বাজারজাতকরণ বিষয়ে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়।

## 'Practical Accounting for SMEs' প্রশিক্ষণ



২৬-২৭ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের হিসাব রক্ষণ বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'Practical Accounting for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন মোহাম্মদ শামসুর রহমান, উপমহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন এবং ড. মফিজুল হক মাসুম, সহযোগী অধ্যাপক, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার।

## পটুয়াখালী ও নওগাঁয় 'ব্লক-বাটিক' প্রশিক্ষণ




১৭-২১ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং পটুয়াখালী উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় পটুয়াখালীতে 'ব্লক-বাটিক' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পটুয়াখালীর পুলিশ সুপার মো. সাইদুল ইসলাম বিপিএম, পিপিএম এবং সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের পরিচালক এবং পটুয়াখালী উইমেন চেম্বারের সভাপতি ইসমাত জেরিন খান। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে ৩০জন উদ্যোক্তার মাঝে সনদপত্র বিতরণ করা হয়। ১৯-২৩ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নওগাঁয় 'ব্লক-বাটিক' প্রশিক্ষণ আয়োজন করা হয়। নারী-উদ্যোক্তাদের সংগঠন 'ওয়েব' রাজশাহী শাখার সভাপতি মোসা. আঞ্জুমান আরা পারভীনের সহযোগিতায় আয়োজিত প্রশিক্ষণে নওগাঁর কৃত্তিপুরের আদিবাসী সম্প্রদায়ের ৩০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## 'অনলাইন ব্যবসা পরিচালনায় স্মার্ট ও নিরাপদ লেনদেন ব্যবস্থা' কর্মশালা



ব্যবসায়িক কার্যক্রমে ডিজিটাল নিরাপত্তা বিষয়ে উদ্যোক্তাদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের ০৭ নভেম্বর ২০২৩ 'অনলাইন ব্যবসা পরিচালনায় স্মার্ট ও নিরাপদ লেনদেন ব্যবস্থা'কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান।

## 'Labour Rights and Gender Equality' প্রশিক্ষণ

২৫-২৭ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশন এবং জার্মান উন্নয়ন সংস্থা FES Bangladesh-এর উদ্যোগে চট্টগ্রাম উইম্যান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (সিডাব্লিউসিসিআই)–এর সহযোগিতায় 'Labour Rights and Gender Equality' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## 'পণ্যের বাজারজাতকরণ কলাকৌশল' প্রশিক্ষণ

১২-১৪ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ হস্তশিল্প প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বাংলাক্র্যাফট)-এর সদস্য উদ্যোক্তাদের জন্য ঢাকায় 'পণ্যের বাজারজাতকরণ কলাকৌশল' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন ইউসুফ ইফতি। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব এস. ইউ. হায়দার, সভাপতি, বাংলাক্র্যাফট। প্রশিক্ষণ শেষে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করা হয়।

## চট্টগ্রামে 'বেসিক বিউটিফিকেশন' প্রশিক্ষণ




এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় ০৪-০৮ নভেম্বর ২০২৩, চট্টগ্রামে 'বেসিক বিউটিফিকেশন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তারা বিউটিফিকেশন এবং পার্লার ম্যানেজমেন্ট সম্পর্কে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়।

## সিলেটে 'বহুমুখী পাটজাত পণ্য তৈরি' প্রশিক্ষণ




১৮-২২ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং সিলেট উইমেন চেম্বারের সহযোগিতায় সিলেটে পাটজাত পণ্য তৈরি অথবা সংশ্লিষ্ট উৎপাদন প্রতিষ্ঠানের সাথে জড়িত উদ্যোক্তাদের অংশগ্রহণে 'বহুমুখী পাটজাত পণ্য তৈরি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মো. ইলিয়াছ শরীফ, বিপিএম (বার) পিপিএম, পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের পরিচালক এবং সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি স্বর্ণলতা রায়।

## 'বেনারশী পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন' প্রশিক্ষণ




১৭-২১ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকার মিরপুর বেনারশী ক্লাস্টারে 'বেনারশী পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ঐতিহ্যবাহী বেনারশীর মোটিফের সাথে জামদানি মোটিফের ফিউশন ও কালার কম্বিনেশনের মাধ্যমে বেনারশী পণ্যের ডিজাইন যুগোপযোগী করা এবং পণ্যের বৈচিত্র্য আনয়নে গুরুত্বারোপ করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ বেনারশী ওয়েলফেয়ার কমিউনিটির সভাপতি শামীম আখতার সিদ্দিকী।

## 'এসএমই খাতে আমদানি ও রপ্তানি সম্পর্কিত নীতি ও সেবা সহজীকরণ' কর্মশালা

০৯ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'এসএমই খাতে আমদানি ও রপ্তানি সম্পর্কিত নীতি ও সেবা সহজীকরণ' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাণিজ্য মন্ত্রণালয়ের আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক নন্দন কুমার বনিক। প্যানেল আলোচক ছিলেন রপ্তানি উন্নয়ন ব্যুরো'র পরিচালক আবু মোখলেছ আলমগীর হোসেন এবং বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের যুগ্ম নিয়ন্ত্রক মো. মশিউল আলম। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালা সঞ্চালনা করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন।

## শেরপুরে 'ফেব্রিক্স কাটিং ও সেলাই কৌশল' প্রশিক্ষণ

০৩-০৭ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং তৃণমূল নারী-উদ্যোক্তা সোসাইটি (গ্রাসরুটস)-এর সহযোগিতায় শেরপুরের নালিতাবাড়ীতে 'ফেব্রিক্স কাটিং ও সেলাই কৌশল' প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আনজুমান আরা মুক্তা, সাংগঠনিক সম্পাদক, তৃণমূল নারী-উদ্যোক্তা সোসাইটি (গ্রাসরুটস) এবং মোহাম্মদ দেলোয়ার হোসেন, সহকারী ব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন।

## ভোলায় 'বহুমুখী পাটজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ' প্রশিক্ষণ

১২-১৬ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)-এর সহযোগিতায় ভোলায় 'বহুমুখী পাটজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তাদের পাটের বহুমুখী পণ্য উৎপাদন হাতে-কলমে শেখানো হয়। প্রশিক্ষণ শেষে উদ্যোক্তাদের মাঝে সনদ প্রদান করা হয়।

## নারী-উদ্যোক্তাদের জন্য CANVA (ডিজাইন টুল) আয়ত্বকরণে প্রশিক্ষণ



১৯-২০ ডিসেম্বর এবং ২১-২২ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নারী-উদ্যোক্তাদের পণ্যের প্রচার, প্রসার ব্যবসায়িক প্রমোশনের লক্ষ্যে ITC She trades Bangladesh hub-এর ব্যানারে CANVA (ডিজাইন টুল) আয়ত্বকরণে দুই ব্যাচ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে CANVA ব্যবহারের মাধ্যমে সোশ্যাল মিডিয়া পোস্ট, বিজ্ঞাপন, লোগো, বিজনেস কার্ড, পোস্টার, ব্যানার, প্রেজেন্টেশন, মার্কেটিং, ভিডিও এডিটিং এবং জিআইএফ তৈরির ব্যাপারে সম্যক ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক ফারজানা খান।

## ঢাকা ও বরিশালে 'Facebook Commerce for SMEs' প্রশিক্ষণ

২২ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'Facebook Commerce for SMEs' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় রিসোর্স পার্সন ছিলেন Httpool-এর কর্মকর্তা সাদমান সাকিব। প্রতিষ্ঠানটি ফেসবুকের প্যারেন্ট কোম্পানি Meta-এর Authorized Sales Partner। কর্মশালার সমাপনী অনুষ্ঠানে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী। ৩১ অক্টোবর-০১ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশন ও ফেসবুকের প্যারেন্ট কোম্পানি Meta-এর বাংলাদেশে অনুমোদিত বিক্রয় অংশীদার Httpool-এর উদ্যোগে বরিশালে 'Facebook Commerce for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন বরিশাল আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ মেমি আক্তার। উপস্থিত ছিলেন বরিশাল উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি বিলকিস আহমেদ লিলি।

## দিনাজপুরে 'ন্যাচারাল ডায়িং' প্রশিক্ষণ

১২-১৬ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং দিনাজপুর উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় 'ন্যাচারাল ডায়িং' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে কালো মাটির বাটিকসহ প্রাকৃতিক বিভিন্ন উপাদান দিয়ে ডায়িং-এর পদ্ধতি হাতে-কলমে শেখানো হয়।

## 'Stress management' কর্মশালা




১৭ ডিসেম্বর, ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নারী-উদ্যোক্তাদের উন্নয়নে 'Business and skill development Programs for women entrepreneurs'-কর্মসূচির আওতায় অনলাইনে 'Stress management' কর্মশালা আয়োজন করা হলেও উদ্যোক্তাদের চাহিদার ভিত্তিতে তা সবার জন্য উন্মুক্ত করা হয় এবং ফাউন্ডেশনের ফেসবুক পেইজেও সরাসরি সম্প্রচার করা হয়। কর্মশালায় উদ্যোক্তাদের অংশগ্রহণমূলক আলোচনায় কর্মক্ষেত্র ও ব্যক্তিগত জীবনে চাপ প্রশমন, কাজের সমতা প্রণয়ন, সময় ও কাজের গুরুত্ব ব্যবস্থাপনা, ব্যক্তিগত বৈশিষ্ট্য মূল্যায়ন, চাপ প্রশমনে করণীয় ব্যবস্থাপনা বিষয়ে বিস্তারিত ধারণা প্রদান করা হয়। কর্মশালায় রিসোর্স পার্সন ছিলেন ড. ফারজানা নাহিদ, সহযোগী অধ্যাপক, নর্থ সাউথ ইউনিভার্সিটি। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান এবং সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান।

## নোয়াখালী, শেরপুর ও নাটোরে 'এসো উদ্যোক্তা হই' প্রশিক্ষণ



১৪-১৬ নভেম্বর, ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নাটোরে 'New Women Entrepreneurship Development Programs' কর্মসূচির আওতায় উদ্যোক্তা হতে ইচ্ছুক এবং স্বল্প পরিসরে নতুন ব্যবসা শুরু করেছেন, এমন ৩০জন নারীর অংশগ্রহণে 'এসো উদ্যোক্তা হই' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তার ব্যক্তিগত বৈশিষ্ট্য মূল্যায়ন, ব্যবসায় নির্বাচন প্রক্রিয়া, বাজার জরিপ চেকলিস্ট, ব্যবসায় পরিকল্পনার মৌলিক দিক, বিজনেস স্ক্রিনিং, ব্যবসায় পরিকল্পনা প্রস্তুতকরণ সম্পর্কে ধারণা প্রদান করা হয়। ২৪-২৬ নভেম্বর ২০২৩ নোয়াখালীতে 'এসো উদ্যোক্তা হই' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ২৮-৩০ নভেম্বর ২০২৩ শেরপুরে 'এসো উদ্যোক্তা হই' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## ঠাকুরগাঁওয়ে 'বয়লার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা' প্রশিক্ষণ

০৫-১১ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঠাকুরগাঁওয়ে 'বয়লার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা' প্রশিক্ষণ আয়োজন করা করা হয়। বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এবং প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের সহযোগিতায় ঠাকুরগাঁও সুগার মিলস-এ অনুষ্ঠিত প্রশিক্ষণে বয়লারের গঠন ও প্রকারভেদ, বয়লার মাউন্টিংস ও অ্যাক্সেসরিজ,রুটিন মেইন্টেনেন্স ও ট্রাবলশুটিং, ওয়াটার ট্রিটমেন্ট ও টেস্টিং, বয়লার নিরাপত্তা এবং বয়লার আইন ও বিধিমালা সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা হয়। এছাড়া হাতে-কলমে অনুশীলনের উদ্দেশ্যে ঠাকুরগাঁও সুগার মিলসসহ তিনটি অটো রাইস মিল পরিদর্শনের ব্যবস্থা করা হয়। প্রশিক্ষণের সনদ পত্র প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঠাকুরগাঁও সুগার মিলস-এর ব্যবস্থাপনা পরিচালক মো. শাহজাহান কবির।

## 'রাজশাহী সিল্ক উন্নয়নে করণীয়' মতবিনিময় সভা

১২ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে অনলাইনে 'রাজশাহী সিল্ক উন্নয়নে করণীয়' মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. রাকিব উদ্দিন খান। কর্মশালায় বাংলাদেশ রেশম বোর্ড, তাঁত বোর্ড, বিসিক আঞ্চলিক অফিস রাজশাহী, রেশম শিল্প মালিক সমিতি, বাংলাদেশ সিল্ক শিল্প সংশ্লিষ্ট উদ্যোক্তা প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। সভায় রাজশাহী সিল্ক উন্নয়ন এবং এ শিল্পের বিকাশে করণীয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

## বগুড়ায় 'ফার্নিচার শিল্পের উন্নয়নে সিএনসি প্রযুক্তি' কর্মশালা



০৮-১০ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বগুড়ায় 'ফার্নিচার শিল্পের উন্নয়নে সিএনসি প্রযুক্তি' ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। ফার্নিচারের যুগোপযোগী ও নান্দনিক নকশা প্রণয়নে Computer Aided Design (CAD), Computer Aided Manufacturing (CAM) এবং Computer Numeric Control (CNC) প্রযুক্তির সুফল, সম্ভাবনা ও চ্যালেঞ্জ, যন্ত্রপাতি ও সরঞ্জামাদির প্রায়োগিক ব্যবহার, রক্ষণাবেক্ষণ, ট্রাবলশুটিং বিষয়ে প্রাথমিক ধারণা ও ব্যবহারিক ডেমনস্ট্রেশন প্রদান করা হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মো. নূর-এ-আলম শাহ, সভাপতি (ভারপ্রাপ্ত), বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি, বগুড়া।

## কিশোরগঞ্জের ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টারে 'বর্জ্য পুনর্ব্যবহারের মাধ্যমে বহুমুখী পণ্য উৎপাদন' কর্মশালা



১০-১২ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে কিশোরগঞ্জের ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টারে 'বর্জ্য পুনর্ব্যবহারের মাধ্যমে বহুমুখী পণ্য উৎপাদন' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ এবং ভৈরব পাদুকা কারখানা মালিক সমবায় সমিতির সভাপতি মো. আল-আমিন। কর্মশালায় রিসোর্স পার্সন তাসনিম আলম চামড়া শিল্পে উৎপন্ন বর্জ্যের সঠিক ব্যবস্থাপনা এবং পুনর্ব্যবহার সম্পর্কে ধারণা প্রদান ও এর গুরুত্ব সম্পর্কে উদ্যোক্তা-কর্মীদের অবহিত করেন। এছাড়া বর্জ্য পুনর্ব্যবহারের মাধ্যমে বহুমুখী পণ্য উৎপাদন কৌশলে এর ব্যবহারিক প্রদর্শন করা হয়। কর্মশালার মাধ্যমে ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টারের কর্মী এবং উদ্যোক্তাগণ জুতা, স্যান্ডেলের পাশাপাশি বেল্ট, মানিব্যাগ, চাবির রিং, পার্স ইত্যাদি উৎপাদনে সক্ষমতা অর্জনের পাশাপাশি বর্জ্য ব্যবস্থাপনা এবং পুনর্ব্যবহারের মাধ্যমে পণ্য বহুমুখীকরণ ও উৎপাদন খরচ কমাতেও সক্ষম হবেন বলে আশা করা যায়। কর্মশালায় ৩০জন উদ্যোক্তা-কর্মী অংশগ্রহণ করেন।

## রাজবাড়ীতে 'বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন' প্রশিক্ষণ




২৮-৩০ নভেম্বর ২০২৩ এসএমই ফাইন্ডেশনের উদ্যোগে রাজবাড়ীতে 'বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যালয়ে আয়োজিত প্রশিক্ষণে রাজবাড়ী জেলা বেকারি মালিক সমিতির ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে রিসোর্সপার্সন ছিলেন নিরাপদ খাদ্য বিশেষজ্ঞ মো. মনোয়ার হোসেন এবং নিরাপদ খাদ্য কর্মকর্তা রফিকুল ইসলাম। উদ্যোক্তাদের স্বাস্থ্যসম্মত পরিবেশ ও পদ্ধতি অবলম্বন করে নিরাপদ খাদ্য উৎপাদন ব্যবস্থাপনা সম্পর্কে ক্লাস লেকচার ও ব্যবহারিক ডেমনস্ট্রেশন কার্যক্রমের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের অংশ হিসেবে উদ্যোক্তাদের রাজমার্ট ফুড কারখানা সরেজমিন পরিদর্শন এবং GMP (Good Manufacturing Practice) বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। এছাড়া নিরাপদ খাদ্য উৎপাদনে সরকার কর্তৃক নির্দেশিত বাধ্যতামূলক বিধি-বিধান সম্পর্কে ধারণা দেয়া হয়।

## হালকা প্রকৌশল ক্লাস্টারের উদ্যোক্তাদের রানার অটোমোবাইলসে এক্সপোজার ভিজিট



২২ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে যশোর ও বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টারের ০৭জন উদ্যোক্তার অংশগ্রহণে ময়মনসিংহের ভালুকায় রানার অটোমোবাইলস-এর কারখানায় এক্সপোজার ভিজিট ও আধুনিক প্রযুক্তি প্রদর্শনের আয়োজন করা হয়। এসময় উদ্যোক্তাদের আধুনিক প্রযুক্তি ও বিজ্ঞানসম্মত উৎপাদন পদ্ধতি প্রদর্শন করা হয়। উপস্থিত ছিলেন অটোমোবাইলস-এর প্ল্যান্ট হেড সঞ্জয় ভালেরাও এবং ডেপুটি জেনারেল ম্যানেজার মেজর (অব.) মির্জা গোলাম হাফিজ, এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ এবং সহকারী ব্যবস্থাপক মেহেদী হাসান। লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প বিভিন্ন প্রকার আমদানি-বিকল্প যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ ও আনুষঙ্গিক উপকরণ উৎপাদনের মাধ্যমে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। বর্তমানে এই শিল্পে নিয়োজিত উদ্যোক্তাগণ অভিজ্ঞতালব্ধ জ্ঞান ও দক্ষতা ব্যবহারের মাধ্যমে দেশীয় প্রযুক্তিতে পণ্য উৎপাদন করছে। এক্সপোজার ভিজিটের ফলে বিজ্ঞানসম্মত উৎপাদন কার্যক্রম অনুশীলনের মাধ্যমে আধুনিক ও যুগোপোযোগী পদ্ধতি ব্যবহার এবং যথাযথ টেস্টিং, সার্টিফিকেশন ও লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টারের উদ্যোক্তাদের সাথে বড় ইন্ডাস্ট্রির যোগসূত্র স্থাপনের মাধ্যমে মানসম্মত পণ্য উৎপাদনে সক্ষমতা অর্জন করবে ও পণ্যের নতুন বাজার খুঁজে পেতে সক্ষম হবে বলে আশা করা যায়।

## যশোরের কেশবপুর হ্যান্ডিক্রাফটস ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়




এসএমই ফাউন্ডেশন দেশব্যাপী ১৭৭টি ক্লাস্টার চিহ্নিত করে উন্নয়ন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্লাস্টারসমূহে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলে ক্লাস্টারভিত্তিক উন্নয়ন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে এ অঞ্চলের ক্লাস্টারগুলো সরেজমিন পরিদর্শন করে ফাউন্ডেশন নানাবিধ উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। সম্ভাবনাময় নতুন ক্লাস্টার চিহ্নিতকরণ, যোগাযোগ ও উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ০৪ অক্টোবর ২০২৩ ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া এবং সহকারী ব্যবস্থাপক মেহেদী হাসান যশোরের কেশবপুরে হ্যান্ডিক্রাফটস ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করেন। যশোরের কেশবপুরের আলতাপোল, কন্দর্পপুর, বড়েঙ্গা ও মঙ্গলকোট গ্রাম নিয়ে গড়ে উঠেছে এই ক্লাস্টার। নব্বই দশকের শুরুর দিকে আলতাপোল গ্রামের ইনসার আলী ভারত থেকে শিখে এসে কাঠের কাজ শুরু করেন এবং তার সাফল্যে উদ্বুদ্ধ হয়ে এ কাজে যুক্ত হন আলতাপোল, কন্দর্পপুর, বড়েঙ্গা ও মঙ্গলকোটসহ আশপাশের গ্রামগুলোর অনেকেই। আলতাপোল গ্রামের বাড়িতে বাড়িতে গড়ে উঠেছে প্রায় ৪০০ কারখানা যেখানে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ১০,০০০ মানুষের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

## 'SME Export & Internationalization Program' কর্মশালা




১৬ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'SME Export & Internationalization' কর্মসূচি বাস্তবায়নের অংশ হিসেবে 'রপ্তানি সম্ভবনাময় উদ্যোক্তা ও পণ্য পর্যালোচনা' কর্মশালা আয়োজন করা হয়। পাট ও চামড়াজাত সেক্টরের ৬০জন উদ্যোক্তার মধ্যে থেকে রপ্তানি সম্ভবনাময় উদ্যোক্তা নির্বাচনের লক্ষ্যে আয়োজিত কর্মশালায় উপস্থিত ছিলেন পাটজাত পণ্য খাতের বিশেষজ্ঞ এবং ফাউন্ডেশনের পরিচালক রাশেদুল করীম মুন্না, স্বত্ত্বাধিকারী, ক্রিয়েশন, মাটিঘর-এর ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন এবং রপ্তানি সেবা বিশেষজ্ঞ মো. জাহিদ হোসেন। ফাউন্ডেশনের ব্যবস্থাপক নাজমা খাতুনের সঞ্চালনায় কর্মশালায় সভাপতিত্ব করেন মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার।

# বিজনেস ইনকিউবেশন সেন্টারের উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন কার্যক্রম

## ‘সফল উদ্যোক্তার সাথে মতবিনিময়’ কর্মশালা



১২ নভেম্বর ২০২৩ এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের অনুপ্রেরণা ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘সফল উদ্যোক্তার সাথে মতবিনিময়’ কর্মশালা আয়োজন হয়। কর্মশালায় প্রশিক্ষক ছিলেন জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার বিজয়ী এফএম প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ-এর স্বত্বাধিকারী গাজী তৌহিদুর রহমান।

১১ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের অনুপ্রেরণা ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে ‘সফল উদ্যোক্তার সাথে মতবিনিময়’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় রিসোর্স পার্সন ছিলেন জাতীয় এসএমই পুরস্কার বিজয়ী জনতা ইঞ্জিনিয়ারিং-এর স্বত্বাধিকারী ওয়ালি উল্লাহ। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।

## ‘উদ্যোক্তাদের পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস প্রাপ্তিতে করণীয়’ কর্মশালা

১৭ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের জন্য ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘উদ্যোক্তাদের পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস প্রাপ্তিতে করণীয়’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় ইনকিউবেটি উদ্যোক্তাদের নতুন উদ্ভাবনের পেটেন্ট, ডিজাইন মঞ্জুর, পণ্য ও সেবার ট্রেডমার্ক প্রাপ্তিতে করণীয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)-এর দায়িত্ব ও কার্যাবলী সম্পর্কে উদ্যোক্তাদের অবহিত করা হয়।

## ‘Training on VAT & Tax Management’ প্রশিক্ষণ

১২-১৩ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের ভ্যাট ও ট্যাক্স ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Training on VAT & Tax Management ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন মো. ওমর ফারুক খান, উপ কর কমিশনার এবং আসিফ আহমেদ, রাজস্ব কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড।

## ‘Facebook Commerce for SMEs’ প্রশিক্ষণ

২২-২৩ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের ফেসবুক প্ল্যাটফর্ম ব্যবহারে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Facebook Commerce for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ছিলেন Httpool Bangladesh Limited-এর কর্মকর্তাবৃন্দ। প্রতিষ্ঠানটি ফেসবুকের প্যারেন্ট কোম্পানি Meta-এর Authorized Sales Partner।

## ‘উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল’ কর্মশালা



২৭ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের জন্য ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় কারখানা ও সেবা প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধির বিভিন্ন কলাকৌশল নিয়ে আলোচনা করা হয়। এছাড়া ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)-এর দায়িত্ব ও কার্যাবলী সম্পর্কে ইনকিউবেটি উদ্যোক্তাদের অবহিত করা হয়। কর্মশালায় সেশন পরিচালনা করেন রিপন সাহা, গবেষণা কর্মকর্তা, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)।

## ‘Business Management’ প্রশিক্ষণ




১৭-২১ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Business Management’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ১৯ জেলার বিভিন্ন খাতের ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং প্রশিক্ষাণার্থীদের সাথে মতবিনিময় করেন। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ এবং সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।

## ‘মার্কেটিং ম্যানেজমেন্ট’ প্রশিক্ষণ

০৩-০৫ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের বাজারজাতকরণ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ‘পণ্য বাজারজাতকরণ ব্যবস্থাপনা’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন ফিউচার আইকনের প্রধান নির্বাহী কর্মকর্তা ইউসুফ ইফতি। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সালাহ উদ্দিন মাহমুদ, উপব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার ও সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান।

## ‘Social Commerce for SMEs’ প্রশিক্ষণ

২৭-২৮ ডিসেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Social Commerce for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে ব্যবসা পরিচালনা করার বিভিন্ন বিষয় সম্পর্কে উদ্যোক্তাদের অবহিত করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়।

## ‘বিসিএসআইআর থেকে গবেষণা ও উদ্ভাবনে সহায়তা প্রাপ্তিতে করণীয়’ প্রশিক্ষণ

১৮ অক্টোবর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের জন্য ‘বিসিএসআইআর থেকে গবেষণা ও উদ্ভাবনে সহায়তা প্রাপ্তিতে করণীয়’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় পণ্য ও সেবার মানোন্নয়ন, বাস্তবায়ন এবং উদ্ভাবনে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর বিভিন্ন সেবার সম্পর্কে ইনকিউবেটিদের অবহিত করা হয়। কর্মশালায় সেশন পরিচালনা করেন ড. মোহাম্মদ নাসির উদ্দিন, পরিচালক (অতি. দায়িত্ব), বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।

## ‘ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট’ প্রশিক্ষণ



০১-০২ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে ঢাকায় ইনষ্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Financial Management’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। এতে প্রশিক্ষক ছিলেন SIYB Foundation of Bangladesh-এর প্রধান নির্বাহী কর্মকর্তা ফেরদৌস আহমেদ। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার।

## ভারতের নয়াদিল্লীতে 'Promotion of Sustainable Enterprise for Local Development' দিনব্যাপী Conclave-এ এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ


Conclave-এ অংশগ্রহণকারী অতিথিবৃন্দের সাথে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান।

২৪ নভেম্বর ২০২৩ এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান ভারতের নয়াদিলীতে International Labor Organization (ILO) India কর্তৃক Ministry of MSME, Government of India-এর সহযোগিতায় আয়োজিত 'Promotion of Sustainable Enterprise for Local Development' দিনব্যাপী Conclave-এ বাংলাদেশের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন। তিনি Conclave-এর 'Enabling Environment for Promotion of Sustainable Enterprise for Inclusive Growth and Decent Work for All' সেশনে প্যানেল স্পিকার হিসেবে বাংলাদেশে এসএমই খাতের উন্নয়নে বিগত দেড় দশকে সরকারি পর্যায়ে গৃহীত নীতিমালা ও প্রকল্প সহায়তাসহ এসএমই ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন সফল কর্মসূচির বিষয়ে আলোকপাত করেন, যা সেশনে উপস্থিত বিভিন্ন দেশের প্রতিনিধিদের কাছে প্রশংসিত হয়।

## ময়মনসিংহে 'বিভাগীয় এসএমই উদ্যোক্তা-ব্যাংকার সম্মেলন ২০২৩' আয়োজন

১৫ অক্টোবর ২০২৩ ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য সহজ শর্তে ঋণের ব্যবস্থাকরণ ও বৃহত্তর ময়মনসিংহ বিভাগে এসএমই অর্থায়ন ত্বরান্বিতকরণের উদ্দেশ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় ময়মনসিংহ শিল্পকলা একাডেমি মিলনায়তনে 'ময়মনসিংহ বিভাগীয় এসএমই উদ্যোক্তা-ব্যাংকার সম্মেলন ২০২৩' আয়োজন করা হয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ এমপি। বিশেষ অতিথি ছিলেন ময়মনসিংহের বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া, বাংলাদেশ ব্যাংক ময়মনসিংহ কার্যালয়ের নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) মো. ওছমান গনি এবং ময়মনসিংহ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সভাপতি আমিনুল হক শামীম সিআইপি। সম্মানিত অতিথি ছিলেন জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান। সম্মেলনে ময়মনসিংহ বিভিন্ন জেলার এসএমই ক্লাস্টার, বিভিন্ন সেক্টরের উদ্যোক্তা প্রতিনিধিদের সাথে মতবিনিময়, ঋণ গ্রহণেচ্ছুক উদ্যোক্তাগণের সাথে ব্যাংকারগণের ঋণ সংযোগকরণ ও তাৎক্ষণিক ঋণ আবেদন মূল্যায়ন করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ এমপি বলেন, বাংলাদেশের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও কাঙ্খিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সিএমএসএমই খাতের ভূমিকা অনস্বীকার্য। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন এসএমই ফাউন্ডেশন বঙ্গবন্ধুর সমতার স্বদেশ গড়ে তোলার লক্ষ্যে ২০০৭ সাল থেকে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি আরো বলেন, ময়মনসিংহ বিভাগের বিভিন্ন জেলার ঋণ গ্রহণে আগ্রহী উদ্যোক্তাদের সহজ অর্থায়নের আওতায়


ময়মনসিংহে 'বিভাগীয় এসএমই উদ্যোক্তা-ব্যাংকার সম্মেলন ২০২৩'-এ আয়োজন গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ এমপি

আনার উদ্দেশ্যে উদ্যোক্তাদের বিভিন্ন ব্যাংকের ঋণ প্রকল্প সম্পর্কে অবহিতকরণ, উদ্যোক্তাদের সাথে ব্যাংকারদের সরাসরি যোগাযোগ, সর্বোপরি স্বল্প সুদে জামানতবিহীন ঋণপ্রাপ্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের এই আয়োজন সময়োপযোগী।

ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক বলেন, সমৃদ্ধ ও টেকসই অর্থনীতির ভিত গড়তে হলে দেশে শ্রমঘন ও স্বল্প পুঁজির এসএমই উদ্যোক্তা তৈরি করা প্রয়োজন। দেশের গতিশীল ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য প্রয়োজন উৎপাদনমুখী সব খাতে পর্যাপ্ত সকল প্রকার অর্থায়ন এবং সর্বস্তরের জনগোষ্ঠীর দোরগোড়ায় আর্থিক সেবা পৌঁছানোর কাজে এসএমই ফাউন্ডেশন বদ্ধপরিকর। এক্ষেত্রে এ খাত উন্নয়নে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের আরো সম্পৃক্ত হওয়া প্রয়োজন। অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন সোনালী ব্যাংকের পিএলসির মহাব্যবস্থাপক জাহিদুল ইসলাম মোল্যা এবং সিঁড়ি সমাজ কল্যাণ সংস্থার সভাপতি আরিফা ইয়াসমিন ময়ুরী।

### উদ্যোক্তা-ব্যাংকার ম্যাচমেকিং



ময়মনসিংহ বিভাগীয় এসএমই উদ্যোক্তা-ব্যাংকার সম্মেলন ২০২৩-এর দিনব্যাপী অনুষ্ঠানের ২য় পর্বে ময়মনসিংহ বিভাগের বিভিন্ন জেলার উদ্যোক্তা সংশ্লিষ্ট সংগঠন জেলা চেম্বার, উইমেন চেম্বার, নাসিব, ক্লাস্টার, ফার্নিচার অ্যাসোসিয়েশনের প্রায় ৪০০-এর অধিক উদ্যোক্তার সাথে এ অঞ্চলের বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রায় ১৫০জন কর্মকর্তার মধ্যে যোগসূত্র স্থাপনে ঋণ ম্যাচমেকিং বিষয়ে আলোচনা ও এসএমই ঋণ পেতে চ্যালেঞ্জ ও করণীয় সম্পর্কে উদ্যোক্তার অবহিত করতে ওয়ার্কিং সেশন অনুষ্ঠিত হয়। ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহার সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংক ময়মনসিংহ কার্যালয়ের নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) মো. ওছমান গনি এবং অগ্রণী ব্যাংকের উপমহাব্যবস্থাপক সাইদা ফাতেমা। সেশনে উদ্যোক্তাবৃন্দ এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ এসএমই ঋণ পেতে নানা চ্যালেঞ্জ ও করণীয় বিষয়ে স্বতঃস্ফূর্তভাবে তাঁদের বক্তব্য তুলে ধরেন। সভায় আলোচকবৃন্দ এসএমই ঋণ পেতে উদ্যোক্তাদের প্রস্তুত করতে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক এসএমই ঋণ বিষয়ে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রতি আরো অধিক মনোযোগী হওয়ার আহ্বান জানান। উদ্যোক্তারা জানান, ফাউন্ডেশনের এ ধরনের আয়োজন সংশ্লিষ্ট এলাকার সবার মধ্যে এসএমই উন্নয়ন বিশেষতঃ বিভিন্ন স্টেকহোল্ডারদের মধ্যে অর্থায়ন বিষয়ে ইতিবাচক দৃষ্টিভঙ্গি তৈরিতে সহায়তা করবে।

### ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ঋণ প্রকল্প প্রদর্শনী

ময়মনসিংহ বিভাগীয় এসএমই উদ্যোক্তা-ব্যাংকার সম্মেলন ২০২৩ উপলক্ষ্যে শিল্পকলা একাডেমি মিলনায়তন সংলগ্ন চত্বরে বিভিন্ন স্টলে সোনালী ব্যাংক, রূপালী ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক, ইসলামী ব্যাংক, এনআরবি কমার্শিয়াল ব্যাংক,ট্রাস্ট ব্যাংক, দি প্রিমিয়ার ব্যাংক, ব্যাংক এশিয়া, ব্র্যাক ব্যাংক, শাহজালাল ইসলামী ব্যাংক, আইডিএলসি ফাইন্যান্স, আইপিডিসি ফাইন্যান্স, লংকাবাংলা ফাইন্যান্স এবং সিএমএসএমই ওয়ান-স্টপ সার্ভিস পয়েন্ট হিসেবে পরিচালিত ইউডিসি ও পিডিসিসমূহ এসএমই অর্থায়ন বিষয়ে তাঁদের সেবাসমূহ তুলে ধরে। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ এমপিসহ অতিথিবৃন্দকে নিয়ে স্টলসমূহ পরিদর্শন করেন। এসব স্টলে এসএমই ঋণ প্রাপ্তিতে আগ্রহী বৃহত্তর ময়মনসিংহ বিভাগের উদ্যোক্তাগণ গুগল ফর্মের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কাছে তাৎক্ষণিকভাবে ঋণ আবেদনের পর প্রয়োজনীয় বিভিন্ন ডকুমেন্টস প্রদান সাপেক্ষে স্পট অ্যাসেসমেন্ট সম্পন্ন করা হয়। সম্মেলনে ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোণা জেলা চেম্বার, অ্যাসোসিয়েশন, জেলা নাসিব ও বিভিন্ন এসএমই ক্লাস্টার থেকে ৪০০-এর অধিক উদ্যোক্তা এবং ময়মনসিংহ বিভাগের বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রায় ১৫০জন প্রতিনিধি অংশগ্রহণ করেন।

## হাজারিবাগ লেদার শিল্প ক্লাস্টারের তথ্য ফাউন্ডেশনের অনলাইন পণ্য প্রদর্শনী কেন্দ্রে যুক্ত করার উদ্যোগ

ক্লাস্টারভিত্তিক উন্নয়ন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ক্লাস্টার ও ক্লাস্টারে উৎপাদিত পণ্য সম্পর্কিত তথ্য অনলাইন পণ্য প্রদর্শনী কেন্দ্রে (www.smeclusterbd.com) প্রদর্শনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ১২-১৪ ডিসেম্বর ২০২৩ ঢাকার হাজারিবাগ লেদার শিল্প ক্লাস্টারের উদ্যোক্তা ও পণ্য অন্তর্ভুক্তির লক্ষ্যে ফটোগ্রাফি এবং ভিডিওগ্রাফি করা হয়। ক্লাস্টারটির প্রায় ২৫জন উদ্যোক্তার প্রায় ৩০০ পণ্যের ফটোগ্রাফি করা হয়। এছাড়া ৬জন উদ্যোক্তার সফলতার গল্প, ব্যবসার বর্তমান পরিস্থিতি এবং এ দীর্ঘ যাত্রায় এসএমই ফাউন্ডেশনের সহায়তা ইত্যাদি নিয়ে তথ্যচিত্র তৈরি করা হয়।

সম্পাদনা পরিষদ: সালাহউদ্দিন মাহমুদ, উপব্যবস্থাপনা পরিচালক; মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক; ফারজানা খান, মহাব্যবস্থাপক; মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক; মুহাম্মদ মোরশেদ আলম, সহকারী মহাব্যবস্থাপক
অঙ্গসজ্জা: অসীম কুমার হালদার, উপব্যবস্থাপক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল: ৬ ও ৭) প্লট: ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: +৮৮০ ২ ৪১০২৪১০৮-১০ ফ্যাক্স: +৮৮০ ২ ৪১০২৪৭১১১, ই-মেইল: info@smef.gov.bd ওয়েব সাইট: www.smef.gov.bd

Scan to download PDF